কালের কণ্ঠ

তারিখ: 30 MAR 2016
পৃষ্ঠা: ২ কলাম: ৩



**আন্দোলনে এরা কারা?** তনু হত্যার বিচার দাবিতে যখন দেশজুড়ে শান্তিপূর্ণ আন্দোলন চলছে, ঠিক তখনই কিছু অজ্ঞাতপরিচয় যুবক বিশৃঙ্খলা সৃষ্টি করছে। এরা কারা? গতকাল শাহবাগে আন্দোলনের নামে পথচারী, চিকিৎসকসহ কয়েকজনকে মারধর করে তারা। ছবি : কালের কণ্ঠ

# ছাত্রলীগের শোডাউনে না যাওয়ায় ২০ শিক্ষার্থীকে মারধর

**জাবি প্রতিনিধি ▷**

স্বাধীনতা দিবসে ছাত্রলীগের শোডাউনে না যাওয়ায় ২০ শিক্ষার্থীকে বেধড়ক পিটিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আল-বেরুনী হল (সম্প্রসারিত ভবন) শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা। গত সোমবার রাত ১২টা থেকে রাত ২টা পর্যন্ত হলের হাসিবুর রহমান স্মৃতি মিলনায়তনে তাদের মারধর করা হয়। নির্যাতিত শিক্ষার্থীরা এসব তথ্য জানিয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, স্বাধীনতা দিবসে গত শনিবার জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা জানাতে যায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা। এ সময় শোডাউনে আল-বেরুনী হলের সম্প্রসারিত ভবন শাখা ছাত্রলীগের উপস্থিতি কম থাকায় সোমবার রাত ১২টায় ৪৪তম ব্যাচের শিক্ষার্থীদের নিয়ে 'গেস্টরুমে' বসে ৪২তম ব্যাচের ছাত্রলীগ নেতাকর্মীরা। এক পর্যায়ে শোডাউনে অনুপস্থিত শিক্ষার্থীদের মধ্যে প্রায় ২০ জনকে রড, স্টাম্প ও লাঠি দিয়ে বেধড়ক পেটানো হয়। এতে আল-আমিন, সৌরভ, আকতার, আরাফাত, সাইফ, ইমন, গাজ্জালী, দীপ্ত, হাসান, মেহেদি গুরুতর আহত হয়। হল শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আরিফুল ইসলাম আরিফ, তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক হাসিব, জাবি শাখা ছাত্রলীগের সহসভাপতি হাসিনুর রহমান শামীম, উপ-আপ্যায়ন বিষয়ক সম্পাদক সাদ্দাম হোসেন ও সহসম্পাদক সাজ্জাদ হোসেন মারধরে নেতৃত্ব দেন।

আল-বেরুনী হলের প্রাধ্যক্ষ এ কে এম রাশীদুল উদ্দিন বলেন, 'দুঃখজনক ঘটনা। তবে এখনো কোনো অভিযোগ পাইনি।' তবে অভিযোগ অস্বীকার করেছেন হল শাখা ছাত্রলীগের সহসভাপতি হাসিনুর রহমান শামীম।